

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি মন্ত্রণালয়  
অধিশাখা-২ (মাঠ প্রশাসন)  
www.minland.gov.bd

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৪৬.৬৮.০১৫.১৫.৩৭৫

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ  
২৮ মে ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: সহকারী কমিশনার (ভূমি) পদে বিভাগীয় কমিশনার কার্যালয়, ঢাকায় যোগদান না করায় কারণ দর্শানো প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৬/০২/২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৩৭.০০.০০৮.১৯-৯৪ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী ভূমি মন্ত্রণালয়ের ০৭/০৩/২০১৯ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.৬৮.০১৫.১৫.১৬৪ নম্বর প্রজ্ঞাপনে নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে পরবর্তী পদায়নের জন্য বিভাগীয় কমিশনার কার্যালয়, ঢাকায় ন্যস্ত করা হয় এবং ১৪/০৩/২০১৯ তারিখ অপরূহে বর্তমান কর্মস্থল হতে তাৎক্ষণিক অবমুক্ত বলে গণ্য হবেন মর্মে প্রজ্ঞাপনে উল্লেখ ছিল। কিন্তু নিম্নবর্ণিত কর্মকর্তাগণ অদ্যাবধি বিভাগীয় কমিশনার কার্যালয়, ঢাকায় যোগদান করেননি।

ক্রঃনং	কর্মকর্তার নাম, পদবী ও বর্তমান কর্মস্থল	পরিচিতি নম্বর	নিজ জেলা
০১	জনাব আবুল কালাম মোঃ লুৎফর রহমান সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার	১৭৮৮৬	টাঙ্গাইল
০২	জনাব মোঃ সাইফুল ইসলাম সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার	১৭৯১১	ঝিনাইদহ

০২। এমতাবস্থায়, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) (অ) ও (ই) অনুযায়ী আপনারা উর্ধ্বতন কর্তৃপক্ষের আইনসম্মত আদেশ অমান্য করে অসদাচরণ করেছেন। আপনাদের এহেন আচরণের জন্য কেন আপনাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক পৃথক পৃথক জবাব পত্র প্রাপ্তির ০৭ কার্য দিবসের মধ্যে প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ

(মোহাম্মদ কামরুল ইসলাম চৌধুরী)  
উপসচিব

ফোন: ৯৫৪০১৭২

ই-মেইল: sasadmin2@minland.gov.bd

- ১। জনাব আবুল কালাম মোঃ লুৎফর রহমান  
সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
- ২। জনাব মোঃ সাইফুল ইসলাম  
সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৪৬.৬৮.০১৫.১৫.৩৭৫/২(০৯)

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ  
২৮ মে ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
- ০২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন), ভূমি মন্ত্রণালয়।
- ০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা।
- ০৫। জেলা প্রশাসক, কক্সবাজার।
- ০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
- ০৭। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
- ০৮। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। অফিস কপি।

স্বাঃ

(মোহাম্মদ কামরুল ইসলাম চৌধুরী)  
উপসচিব

ফোন: ৯৫৪০১৭২